জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website: www.nmst.gov.bd

নং: ৩৯.০৩.০০০০.০০৫.১১.০০১.২২- ১৮০৬ তারিখ: ০৩/১১/২০২২ খ্রি:

# নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের রাজস্ব খাতের নিম্নোক্ত শূন্য পদগুলোতে অস্থায়ীভাবে লোক নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (**http://nmst.teletalk.com.bd** ওয়েবসাইটে) পূরণকৃত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | বয়স সীমা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|---|
| ১ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (নবসৃষ্ট) | ১ | অনুর্ধ্ব ৩০ বৎসর | টাকা ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | কোন স্বীকৃত বোর্ড হতে দ্বিতীয় বিভাগে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং টাইপিং এ বাংলা ও ইংরেজীতে অন্যন ২০ ও ২৮ শব্দ গতিসহ কম্পিউটার পরিচালনায় পারদর্শী হইতে হইবে। | ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ, গোপালগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, গাইবান্ধা, পটুয়াখালী এতিম ও শারীরিক প্রতিবন্ধীগন সকল জেলায় আবেদন করতে পারবেন |
| ২ | ইলেক্ট্রিশিয়ান | ১ | অনুর্ধ্ব ৩০ বৎসর | টাকা ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞানে দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ২ (দুই) বৎসরের ইলেক্ট্রিক্যাল বিষয়ে ট্রেড কোর্স উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অন্যন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। তবে শর্ত থাকে যে, 'ক' অথবা 'খ' শ্রেণির লাইসেন্সধারী প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া হবে। | |
| ৩ | মিউজিয়াম এ্যাটেনডেন্ট | ১ | অনুর্ধ্ব ৩০ বৎসর | টাকা ৮৮০০-২১৩১০/- (গ্রেড-১৮) | কোন স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞানে দ্বিতীয় বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | রাজবাড়ী, জয়পুরহাট, যশোর, কুষ্টিয়া ও কুমিল্লা এতিম ও শারীরিক প্রতিবন্ধীগন সকল জেলায় আবেদন করতে পারবেন |

**নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে, মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবেনা।

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৩। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। ১ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ এবং ২, ৩ নম্বর ক্রমিকে বর্ণিত পদের জন্য লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

৪। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসাবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ প্রদান করতে হবে। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র দাখিল করতে হবে।

৫। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সে মর্মে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে, সে ক্ষেত্রে প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার ভাতা প্রদান করা হবে না।

৭। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি ও বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৮। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://nmst.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৭/১১/ ২০২২ সকাল-১০:০০ ঘটিকা।

(ii) online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৬/১১/২০২২ বিকাল-০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

(গ) online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন ।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: online-এ আবেদনপত্র (Application From) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন প্রার্থী একটি user ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS এর মাধ্যমে আবেদন ফি বাবদ ক্রমিক নং- ১ ও ২ এর জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকা এবং সার্ভিস চার্জ বাবদ ২৩/- টাকা মোট ২২৩/- টাকা(অফেরতযোগ্য) এবং ক্রমিক নং-৩ এর জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- টাকা ও সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকা মোট ১১২/- (অফেরতযোগ্য) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**NMST**<space>**UserID** লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: **NMST ABCDEF**

Reply: Applicant's Name, TK-112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type NMST<Space>Yes<space>PIN and send to 16222.

**NMST** <space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **NMST Yes 12345678**

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for **NMST** Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nmst.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে: **NMST** <space>**Help**<space>**User**<space>**UserID** & Send to 16222.
Example: **NMST Help User ABCDEF**

(ii) PIN Number জানা থাকলে: **NMST** <space>**Help**<space>**PIN**<space>**PIN Number** & Send to 16222.
Example: **NMST Help PIN 12345678**

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ওয়েবসাইট www.nmst.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.nmst.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd তে ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ **https://www.facebook.com/alljobsbdTeletalk** এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: NMST, Post Name: * * *, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ট) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৯। online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(এ.কে.এম. লুৎফুর রহমান সিদ্দীক)
পরিচালক (উপসচিব)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি